# সাধারণ নির্দেশিকা

১। কোভিড-১৯ অতিমারির আবহে বিদ্যালয়ে স্বাভাবিক পঠন-পাঠন ব্যাহত হয়েছে। কোভিড অতিমারির মধ্যেও শিক্ষার্থীদের পঠন-পাঠন অব্যাহত রাখার উদ্দেশ্যেই মডেল অ্যাক্টিভিটি টাস্ক-এর সূত্রপাত।

২। কোভিড অতিমারির মধ্যে বিদ্যালয়ে স্বাভাবিক পঠন-পাঠন বন্ধ থাকলেও শিক্ষার্থীদের অভিভাবকদের মাধ্যমে প্রতি মাসে মিড-ডে মিল বিতরণ করা হচ্ছে। মিড-ডে মিলের সঙ্গেই অভিভাবকদের হাতে তুলে দেওয়া হচ্ছে মডেল অ্যাক্টিভিটি টাস্কগুলি। পরের মাসে মিড-ডে মিল সংগ্রহ করার সময় অভিভাবকরা শিক্ষার্থীদের করা মডেল অ্যাক্টিভিটি টাস্কের উত্তরগুলি মূল্যায়নের জন্য শিক্ষক-শিক্ষিকাদের হাতে তুলে দিচ্ছেন।

৩। মডেল অ্যাক্টিভিটি টাস্কগুলি মূল্যায়নের মাধ্যমে কাম্য শিখন সামর্থ্য অর্জনের পথে শিক্ষার্থীরা কী কী অন্তরায়ের সম্মুখীন হচ্ছে শিক্ষক-শিক্ষিকারা তা চিহ্নিত করতে পারবেন ও যথাযথ ব্যবস্থা নিতে পারবেন।

৪। মডেল অ্যাক্টিভিটি টাস্কগুলি থেকেই বাছাই করে বিভিন্ন শ্রেণির জন্য নির্দিষ্টমানের প্রশ্নপত্র তৈরি করা হয়েছে।

৫। শিক্ষার্থীরা প্রশ্নগুলির উত্তর লিখবে।

৬। শিক্ষক-শিক্ষিকারা বিদ্যালয়ে বসেই উত্তরপত্রগুলির মূল্যায়ন করবেন।

৭। উত্তরপত্রগুলি মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীরা কাম্য শিখন সামর্থ্য অর্জনে কতটা সফল হলো তা শিক্ষক-শিক্ষিকারা বুঝতে পারবেন।

# বাংলা
## সপ্তম শ্রেণি
### পূর্ণমান-৫০

**১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :** **১ × ৫ = ৫**

১.১ ‘পাগলা গণেশ’ গল্পে গণেশের বয়স

(ক) একশো বছর (খ) দেড়শো বছর

(গ) একশো পঁচাত্তর বছর (গ) দুশো বছর

১.২ ‘কোকনদ’ হলো

(ক) শ্বেতপদ্ম (খ) রক্তপদ্ম

(গ) নীলপদ্ম (ঘ) হলুদ পদ্ম

১.৩ ‘পাখি সব করে রব রাতি পোহাইল’ - কবিতাটির রচয়িতা

(ক) আশরাফ সিদ্দিকী (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(গ) মদনমোহন তর্কালঙ্কার (ঘ) যোগীন্দ্রনাথ সরকার

১.৪ শ্রদ্ধেয় রামানন্দ চট্টোপাধ্যায়ের সঙ্গে রামকিঙ্কর বেইজের পরিচয় হয়

(ক) মেদিনীপুরে (খ) বীরভূমে

(গ) বাঁকুড়ায় (ঘ) কলকাতায়

১.৫ খোকনের বাড়ির সামনেই ছিল একটি

(ক) বটগাছ (খ) ইউক্যালিপটাস গাছ

(গ) নারকেল গাছ (ঘ) বকুল গাছ

**২. খুব সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :** **২ × ১০ = ২০**

২.১ ‘তা আপনার কবিতা শুনছেই বা কে আর পড়ছেই বা কে?’ — একথার উত্তরে শ্রোত কী বলেছিলেন?

২.২ ‘My Native Land, Good night!’
— উদ্ধৃতিটি কার রচনা থেকে নেওয়া হয়েছে?

২.৩ ‘একুশের কবিতা’য় কোন্ কোন্ গানের সুরের প্রসঙ্গ রয়েছে?

২.৪ ‘অত বড়ো একজন শিল্পীর কাছে শিক্ষালাভ করেছি, আমার সৌভাগ্য।’
— কার স্মৃতিচারণায় কথক একথা বলেছেন?

২.৫ ‘খোকন অবাক হয়ে গেল।’ — কোন্ কথা শুনে খোকন অবাক হলো?

২.৬ ‘আপনি আমার সঙ্গে ঠাট্টা করছেন’। — কোন্ কথার অবতারণাকে বক্তার ‘ঠাট্টা’ মনে হয়েছে?

২.৭ জেমস এইচ. কাজিন্‌স কে ছিলেন?

২.৮ ‘এ ছবি আমি পরেও দেখেছি’। — কোন্ দৃশ্যবর্ণনা প্রসঙ্গে একথা এসেছে?

২.৯ ‘তাদের রাজত্ব হের অক্ষুণ্ণ কেমন’ — কাদের রাজত্ব কেন অক্ষুণ্ণ রয়েছে বলে কবি মনে করেন?

২.১০ ‘নীরব এখানে অমর কিষাণপাড়া’। — কিষাণপাড়াকে ‘অমর’ বলা হয়েছে কেন?

৩. **নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :** **৫ × ২ = ১০**

৩.১ ‘জীবন হবে পদ্যময়’
— জীবন কীভাবে পদ্যময় হয়ে উঠবে বলে কবি মনে করেন?

৩.২ ‘কুতুব মিনারের কথা’ রচনাংশ অনুসরণে কুতুব মিনারের নির্মাণ শৈলীর বিশিষ্টতা আলোচনা করো।

৪. **নির্দেশ অনুসারে উত্তর দাও :** **১ × ৫ = ৫**

৪.১ ‘খাটি দেশি শব্দ’ বলতে কী বোঝ?

৪.২ ‘তদ্ভব শব্দ’ কীভাবে গড়ে উঠেছে?

৪.৩ অর্ধ-তৎসম বা ভগ্ন-তৎসম শব্দের দু’টি উদাহরণ দাও।

৪.৪ ‘বাঙালি পদবির ইংরেজি ধরনের উচ্চারণে হ্রস্বস্বরচিহ্ন হবে।’ — উদাহরণ দাও।

৪.৫ তদ্ভব ও অর্ধ-তৎসম শব্দের পার্থক্য একটি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

৫. **নীচের প্রশ্নগুলির উত্তর দাও :** **১ × ৫ = ৫**

৫.১ ‘ঋ, র, ষ এই তিন বর্ণের পরের শব্দের মধ্যে ন > ণ হয়’। — প্রতিক্ষেত্রে একটি করে উদাহরণ দাও।

৫.২ ‘পিতৃ ও মাতৃ শব্দের সঙ্গে স্বসৃ শব্দের যোগ হলে স্বসৃ শব্দের প্রথম স্ হয় ষ’। — উদাহরণ দাও।

৫.৩ ভাবপ্রকাশক ধ্বন্যাত্মক শব্দের প্রয়োগে একটি বাক্য রচনা করো।

৫.৪ শূন্যস্থান পূরণ করো : ____________ > তিত > তেতো।

৫.৫ বানান সংশোধন করো : পূরস্কার।

৬. **পত্র রচনা করো :** **৫**

তোমাদের অঞ্চলে একটি পাঠাগার স্থাপনের অনুরোধ জানিয়ে ব্লক উন্নয়ন আধিকারিকের কাছে একটি আবেদনপত্র লেখো।

# ENGLISH

## Class VII

## Full Marks - 50

### SECTION A: READING COMPREHENSION

**1. Read the following passage and answer the questions given below:**

We would find a hammer for him, and then he would have lost sight of the mark he had made on the wall, where the nail was to go in. Each of us had to get up on the chair beside him, and see if we could find it. We would each discover it in a new place, and he would call us all fools.

Trying to reach a point three inches beyond what was possible for him to reach, the string would slip, and down he would slide on to the piano.

**A. Rearrange the following sentences:** 1 × 5 = 5

i. Each of us would discover a new place.
ii. The hammer was found.
iii. He fell on to the piano.
iv. Everyone has to get up on the chair beside him.
v. Uncle Podger would lose sight of the mark.

**B. Answer the following questions:** 2 × 3 = 6

(a) Why was it necessary for each of them to get up on the chair beside him?
(b) Why did Uncle consider each of them to be fools?
(c) How did Uncle Podger fall on the piano?

**2. Read the passage carefully and answer the questions that follow:**

You know of course that our earth is very, very old millions and millions of years old. And for a long long time there were no men or women living in it, before the men came there were only animals, and before the animals there was a time when no kind of life existed on the earth. It is difficult to imagine this world of ours which is so full today of all kinds of animals and men, to be without them. But scientists and those who have studied and thought a great a deal about these matters tell us that there was a time when the earth was too hot for any living being to live on it.

**Answer the following questions in complete sentences:** 2 × 3 = 6

(i) How old is the earth?
(ii) Describe the earth before man existed.
(iii) Why was there no life on earth?

### SECTION B: GRAMMAR AND VOCABULARY

**3. Underline the nominal compounds in the following sentences:** 1 × 4 = 4

(a) Since it is raining, you should wear the raincoat.
(b) Do you know how to use the washing machine?
(c) Never waste drinking water.
(d) There is not a single oil pump in our area.

**4. Select the correct homophone from the brackets and fill in the blanks:** 1 × 4 = 4

(a) Akbar, the great Mughal emperor, ______________ for forty-nine years. (reined/reigned)

(b) Anamika loves to have______________. (curd/card)

(c) Sania is too _____________ to move out of doors. (week/weak)

(d) Do you like to watch the TV ______________? (cereals/serials)

**5. Do as directed:** 1 × 5 = 5

(i) The cheetah is the fastest animal. (Use Positive degree of the adjective)

(ii) Very few queens were as powerful as Elizabeth I. (Use Superlative degree)

(iii) No other girl of our school is so pretty as Tania. (Use Comparative degree)

(iv) His application was rejected. (Replace the underlined word with its antonym)

(v) Don't eat the rotten apples. (Identify the participial adjective)

**6. Match column A with column B:** 1 × 6 = 6

| | **A** | **B** |
|---|---|---|
| (i) | Philatelist | An artist who makes sculptors |
| (ii) | Atheist | One who has the negative outlook in life |
| (iii) | Sculptor | A place where bees are kept |
| (iv) | Apiary | Certain to happen |
| (v) | Pessimist | One who collects stamps |
| (vi) | Inevitable | One who does not believe in the existence of God |

## SECTION C: WRITING

7. Suppose your cousin has never been to your village. Write a letter (in about 70 words) to him/her describing your village and inviting him/her to visit your village. 7

**8. Write the summary of the given passage:** 7

The constable came. He took me by the hand and pushed me out. My luggage was also taken out. I refused to go to the other compartment and the train steamed away. I went and sat in the waiting room, keeping my hand-bag with me, leaving the other luggage where it was. The railway authorities had taken charge of it.

# গণিত

## সপ্তম শ্রেণি

## পূর্ণমান - ৫০

---

**নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :**

**1. বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (MCQs)** **1 × 8 = 8**

(i) কোনটি ত্রিভুজের সর্বসমতার শর্ত নয় —

(a) বাহু-বাহু-বাহু (b) বাহু-কোণ-বাহু

(c) কোণ-কোণ-বাহু (d) কোণ-কোণ-কোণ

(ii) $\frac{4}{49}$ বর্গসেমি. ক্ষেত্রফল বিশিষ্ট বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য হবে

(a) $\sqrt{\frac{4}{49}}$ (b) $\frac{2}{7}$ সেমি.

(c) 2 সেমি. (d) 7 সেমি.

(iii) 1.69 -এর বর্গমূল হলো

(a) 13 (b) 1.3

(c) 0.13 (d) 13.03

(iv) $xy =$

(a) $(x+y)^2-(x-y)^2$ (b) $(x+y)^2+(x-y)^2$

(c) $\left(\frac{x+y}{2}\right)^2-\left(\frac{x-y}{2}\right)^2$ (d) $\left(\frac{x+y}{2}\right)^2+\left(\frac{x-y}{2}\right)^2$

(v) যখন কোনো ট্রেন কোনো সেতু অতিক্রম করে তখন ট্রেনটিকে অতিক্রম করতে হবে

(a) ট্রেনটির নিজের দৈর্ঘ্য (b) সেতুর দৈর্ঘ্য

(c) ট্রেনটির নিজের দৈর্ঘ্য + সেতুর দৈর্ঘ্য (d) সেতুর দৈর্ঘ্য – ট্রেনটির নিজের দৈর্ঘ্য।

(vi) ত্রিভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল =


(a) (বাহুর দৈর্ঘ্য)২ (b) বাহুগুলির দৈর্ঘ্যের সমষ্টি

(c) $\frac{1}{2}$ (ভূমির দৈর্ঘ্য + উচ্চতা) (d) $\frac{1}{2}$ ভূমির দৈর্ঘ্য × উচ্চতা।

(vii) $a^2 - b^2 =$

(a) $(a+b)^2$ (b) $(a-b)^2$

(c) $(a+b)(a-b)$ (d) $(a+b)^2 + (a-b)^2$।

(viii) 

রাস্তাসহ জমির দৈর্ঘ্য এবং রাস্তা বাদে জমির প্রস্থ হলো যথাক্রমে


(a) 23 মি., 21 মি. (b) 29 মি., 21 মি.

(c) 26 মি., 21 মি. (d) 26 মি., 15 মি.।


**2. সত্য/মিথ্যা (T/F) লেখো :** **$1 \times 8 = 8$**

(i) $(x + y)^2$ -এর সূত্র থেকে $(x - y)^2$-এর সূত্র নির্ণয় করতে y-এর পরিবর্তে (– y) লিখতে হবে।

(ii) $(4 - x)(x - 4) = 16 - x^2$

(iii) 


চিত্রে, $\angle 1$ ও $\angle 2$ পরস্পর অনুরূপ কোণ।

(iv) 

চিত্রে, বিষমবাহু $\Delta$ ABC-এর একটি উচ্চতা AD। AD ত্রিভুজটির একটি মধ্যমা।

(v) দুটি স্তম্ভ চিত্রকে পাশাপাশি এঁকে দুটি তথ্য সহজে তুলনা করার জন্য যে চিত্র আঁকা হয় সেই চিত্রটি হলো দ্বিস্তম্ভ লেখ।

(vi) প্রথম ট্রেনের গতিবেগ x কিমি./ঘন্টা এবং দ্বিতীয় ট্রেনের গতিবেগ y কিমি./ঘন্টা। ট্রেন দুটি পরস্পর বিপরীত দিকে চললে 1 ঘন্টায় মোট যাবে (x–y) কিমি.।

(vii) 

চিত্রে, $\angle 1$ ও $\angle 2$, কোণ জোড়াকে একান্তর কোণ বলা হয়।

(viii) x–এর যেকোনো মানের জন্য, $(x+5)\times(x+3)=x^2+8x+15$ –এর সমান চিহ্নের দুপাশে মান সমান হয়। তাই এটি একটি অভেদ।

**3. সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন :** **$2 \times 6 = 12$**

(i) গণিতের ভাষায় সমস্যাটি হলো,

| সময় (মিনিট) | দূরত্ব (মিটার) |
|---|---|
| 1 | 150 |
| 25 | x |

গতিবেগ একই থাকলে সময় ও দূরত্বের সমানুপাতি সম্পর্কের সাহায্যে x-এর মান নির্ণয় করো।

(ii)

| বছর | 2009 | 2010 |
|---|---|---|
| পড়ার বই | 1200 | 800 |
| গল্পের বই | 1400 | 1100 |

তালিকাটির সাহায্যে একটি দ্বিস্তম্ভ লেখচিত্র অঙ্কন করো।

(iii) $m + \frac{1}{m} = -P$ হলে, দেখাও যে, $m^2 + \frac{1}{m^2} = P^2 - 2$

(iv) $\sqrt{2}$–এর দুই দশমিক স্থান, পর্যন্ত আসন্ন মান নির্ণয় করো।

(v) ত্রিভুজের সর্বসমতার শর্তগুলি লেখো।

(vi) x+y=5 এবং x–y=1 হলে, $8xy(x^2+y^2)$–এর মান নির্ণয় করো।

**4.** (i) সংখ্যারেখায় (6) + (–2)-কে দেখাও। **4**

(ii) প্রথম বীজগাণিতিক সংখ্যামালাকে দ্বিতীয় বীজগাণিতিক সংখ্যামালা দিয়ে ভাগ করে ভাগফল নির্ণয় করো : **3**

$14x^4y^6 - 21x^3y^5$, $-7x^3y^4$, যেখানে $x \neq 0, y \neq 0$

**5.** (i) ABC একটি ত্রিভুজ আঁকো যার BC = 5.5 সেমি, $\angle ABC = 60^o$ ও $\angle ACB = 30^o$ । **5**

(ii) করিমচাচার আয়তক্ষেত্রাকার জমির দৈর্ঘ্য প্রস্থের 2 গুণ এবং এই জমির ক্ষেত্রফল 578 বর্গমিটার। করিমচাচার জমিটির দৈর্ঘ্য, প্রস্থ ও পরিসীমা নির্ণয় করো। **5**

(iii) 90 মিটার লম্বা একটি রেলগাড়ি একটি স্তম্ভকে 25 সেকেন্ডে অতিক্রম করলো। রেলগাড়ির গতিবেগ ঘন্টায় কত কিলোমিটার নির্ণয় করো। **5**

## পরিবেশ ও বিজ্ঞান
### সপ্তম শ্রেণি
### পূর্ণমান - ৫০

---

**১. ঠিক উত্তর নির্বাচন করো :** **১ × ৬ = ৬**

১.১ অপ্রভ বস্তুটি হলো —

(ক) মোমবাতির শিখা

(খ) সূর্য

(গ) চাঁদ

(ঘ) জোনাকি।

১.২ যেটি জীবাশ্ম জ্বালানি **নয়** সেটি হলো —

(ক) কয়লা

(খ) পেট্রোল

(গ) ডিজেল

(ঘ) গোবর গ্যাস।

১.৩ উদ্ভিদের মূলের ডগার টুপির মতো অংশের ঠিক ওপরের জায়গা যেখানে কোনো রোঁয়া থাকে না সেটি হলো —

(ক) মূলত্র অঞ্চল

(খ) বর্ধনশীল অঞ্চল

(গ) স্থায়ী অঞ্চল

(ঘ) মূলরোম অঞ্চল।

১.৪ যেক্ষেত্রে আলোর বিক্ষিপ্ত প্রতিফলন ঘটে **না** সেটি হলো —

(ক) দেয়াল

(খ) কাগজ

(গ) কাপড়

(ঘ) আয়না।

১.৫ যেটি পরিবেশবান্ধব শক্তির উৎস **নয়** সেটি হলো —

(ক) সূর্য

(খ) বায়ুপ্রবাহ

(গ) জীবাশ্ম জ্বালানি

(ঘ) জৈব গ্যাস।

১.৬ রূপান্তরিত অর্ধবায়বীয় কাণ্ড দেখা যায় যে উদ্ভিদে সেটি হলো —

(ক) আলু

(খ) কচুরিপানা

(গ) বেল

(ঘ) কুমড়ো।

**২. শূন্যস্থান পূরণ করো :** **১ × ৩ = ৩**

২.১ ইস্ত্রিতে তড়িৎপ্রবাহের __________ ফলাফলের প্রয়োগ করা হয়।

২.২ আমের আঁটি __________ ঢেকে রাখে।

২.৩ এঁচোড় হলো __________ ফলের একটি উদাহরণ।

**৩. ঠিক বাক্যের পাশে '✓' আর ভুল বাক্যের পাশে '✗' চিহ্ন দাও :** **১ × ৬ = ৬**

৩.১ কোনো বস্তুকে তাপ দিলে তার উষ্ণতার পরিবর্তন হবেই।

৩.২ ভিটামিন D-এর অভাবে বেরিবেরি রোগ হয়।

৩.৩ কঠিন সোডিয়াম ক্লোরাইডের মধ্যে অণুর কোনো অস্তিত্ব নেই।

৩.৪ কোনো দণ্ডচুম্বকের জ্যামিতিক দৈর্ঘ্য তার চৌম্বক দৈর্ঘ্যের চেয়ে সামান্য কম হয়।

৩.৫ কাণ্ডের যে অংশ থেকে শাখা বেরোয় তাকে পর্বমধ্য বলে।

৩.৬ তেঁতুল পাতা হলো একক পত্রের একটি উদাহরণ।

**৪. সংক্ষিপ্ত উত্তর দাও :** **১ × ৩ = ৩**

৪.১ সমীকরণটি ব্যালান্স করে লেখো : $P_4 + .......O_2 \rightarrow P_4O_{10}$

৪.২ মানবদেহে আয়োডিনের একটি কাজ উল্লেখ করো।

৪.৩ আম দিয়ে তৈরি একটি প্রক্রিয়াজাত খাবারের উদাহরণ দাও।

**৫. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :** **২ × ৭ = ১৪**

৫.১ কিউপ্রিক ক্লোরাইডের জলীয় দ্রবণে জিঙ্কের টুকরো যোগ করলে কী ধরনের বিক্রিয়া হবে? বিক্রিয়ার সমীকরণ লেখো।

৫.২ কী কী উপায়ে ফিল্টার যন্ত্রের সাহায্য ছাড়াই বাড়িতে বিশুদ্ধ পানীয় জল তৈরি করা যায়?

৫.৩ পৃথিবী যে নিজেই একটা চুম্বক তার পক্ষে কী প্রমাণ আছে?

৫.৪ কী কী উপায়ে উদ্ভিদে স্বপরাগযোগ ঘটতে পারে?

৫.৫ চালু লাইনের কাজ করার সময় ইলেকট্রিক মিস্ত্রির কীসের ওপর দাঁড়িয়ে কাজ করা উচিত — লোহার চেয়ার না কাঠের টুল? কেন?

৫.৬ উদ্ভিদের মূলের প্রধান কাজ কী কী?

৫.৭ হাতে স্পিরিট বা ইথার ঢাললে ঠান্ডা লাগে কেন?

**৬. তিন-চারটি বাক্যে উত্তর দাও :** **৩ × ৬ = ১৮**

৬.১ যে উষ্ণতায় সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলের পাঠ সমান হবে তা নির্ণয় করো।

৬.২ কোয়াশিওরকর রোগ কেন হয় এবং এই রোগে কী কী লক্ষণ দেখা যায়?

৬.৩ একটি চিহ্নিত চিত্রের সাহায্যে ঘন মাধ্যম থেকে লঘু মাধ্যমে প্রতিসরণের ক্ষেত্রে আলোকরশ্মির গতিপথ কেমন হবে তা দেখাও।

৬.৪ সাপ কীভাবে 'জেকবসনস অর্গ্যান'— এর সাহায্যে তার চারপাশের পরিবেশ সম্বন্ধে জানতে পারে?

৬.৫ সূচিছিদ্র ক্যামেরার ছিদ্রটি বড়ো করা হলে প্রতিকৃতির কী পরিবর্তন হবে? ব্যাখ্যা করো।

৬.৬ সমুদ্রের মাছ কীভাবে নিজের দেহে জলের পরিমাণ স্বাভাবিক রাখে ব্যাখ্যা করো।

# পরিবেশ ও ইতিহাস

## সপ্তম শ্রেণি

## পূর্ণমান - ৫০

১. **‘ক’ স্তম্ভের সাথে ‘খ’ স্তম্ভ মেলাও :** ১ × ৪ = ৪

| ক-স্তম্ভ | খ-স্তম্ভ |
|---|---|
| ১.১ খলিফার অনুমোদন | (ক) গিয়াসউদ্দিন বলবন |
| ১.২ সিজদা ও পাইবস | (খ) কৃষ্ণদেব রায় |
| ১.৩ বাজারদর নিয়ন্ত্রণ | (গ) ইলতুৎমিশ |
| ১.৪ আমুক্তমাল্যদ | (ঘ) আলাউদ্দিন খলজি |

২. **বেমানান শব্দটির নিচে দাগ দাও ঃ** ১ × ৪ = ৪

২.১ বিজয়ালয়, দন্তিদুর্গ, প্রথম রাজরাজ, প্রথম রাজেন্দ্র

২.২ বরেন্দ্র, হরিকেল, কনৌজ, গৌড়

২.৩ হলায়ুধ, জয়দেব, গোবর্ধন, উমাপতিধর

২.৪ প্রতাপাদিত্য, কেদার রায়, ইশা খান, বৈরম খান

৩. **শূন্যস্থান পূরণ করো :** ১ × ৪ = ৪

৩.১ বন্দেগান-ই চিহলগানির সদস্য ছিলেন সুলতান ____________ ।

৩.২ বাংলার প্রথম স্বাধীন সুলতান ছিলেন ____________ ।

৩.৩ পোর্তুগিজ পর্যটক ____________ বিজয়নগর পরিভ্রমন করেন।

৩.৪ বিজয়নগর পরাজিত হয়েছিল ____________ যুদ্ধে।

৪. **সত্য বা মিথ্যা নির্ণয় করো :** ১ × ৪ = ৪

৪.১ ‘দাগ’ ও ‘হুলিয়া’ ব্যবস্থা চালু রাখেন শেরশাহ।

৪.২ ১৫৭৬ খ্রিস্টাব্দে হলদিঘাটির যুদ্ধে আকবর রানা প্রতাপকে পরাজিত করেছিলেন।

৪.৩ মনসবদারি ও জায়গিরদারি ব্যবস্থা বংশানুক্রমিক ছিল।

৪.৪ রাজিয়া তার মুদ্রায় নিজেকে ‘সুলতান’ বলে দাবি করেছেন।

৫. **দুই-তিনটি বাক্যে উত্তর দাও :** ২ × ২ = ৪

৫.১ ‘দীন-ই ইলাহি’ কী?

৫.২ ‘মনসব’ কী?

৬. **চার-পাঁচটি বাক্যে উত্তর দাও :** ৩ × ৫ = ১৫

৬.১ পাল-সেন যুগে কেমন ভাবে কর আদায় করা হত?

৬.২ সেন রাজারা কি সাহিত্যের পৃষ্ঠপোষক ছিলেন?

৬.৩ ইকতা ব্যবস্থা কী?

৬.৪ খলজি বিপ্লব বলতে কী বোঝ?

৬.৫ ‘দাক্ষিণাত্য ক্ষত’ বলতে কী বোঝো?

৭. **আট-দশটি বাক্যে উত্তর দাও :** ৫ × ৩ = ১৫

৭.১ বখতিয়ার খলজির বাংলা আক্রমণের পর বাংলাতে কি কি পরিবর্তন ঘটেছিল?

৭.২ কৃষ্ণদেব রায়কে কেন বিজয়নগরের শ্রেষ্ঠ শাসক বলা হয়?

৭.৩ শেরশাহের যে-কোনো দুটি প্রশাসনিক সংস্কার সম্পর্কে সংক্ষেপে লেখো।

## পরিবেশ ও ভূগোল

### সপ্তম শ্রেণি

### পূর্ণমান - ৫০

---

**১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :** **১ × ৯ = ৯**

১.১ সূর্যের উত্তরায়নের সময়কাল —

ক) ২১ শে জুন থেকে ২২ শে ডিসেম্বর

খ) ২৩ শে সেপ্টেম্বর থেকে ২১ শে মার্চ

গ) ২২ শে ডিসেম্বর থেকে ২১ শে জুন

ঘ) ২১ শে মার্চ থেকে ২৩ শে সেপ্টেম্বর

১.২ কোনো মানচিত্রে সমচাপরেখাগুলি খুব কাছাকাছি অবস্থান করলে সেখানে —

ক) বায়ুর চাপ বেশি হয়

খ) বায়ুর চাপের পার্থক্য বেশি হয়

গ) বায়ুর চাপ কম হয়

ঘ) বায়ুর চাপের পার্থক্য কম হয়

১.৩ টোকিও - ইয়োকোহামা শিল্পাঞ্চলের উন্নতির অন্যতম প্রধান কারণ হলো —

ক) খনিজ ও শক্তি সম্পদের সহজলভ্যতা

খ) স্বল্প জনঘনত্ব

গ) উন্নত প্রযুক্তি ও দক্ষ শ্রম

ঘ) সমুদ্র থেকে দূরবর্তী স্থানে অবস্থান

১.৪ ভূভাগ ভাঁজ খেয়ে উপরের দিকে উঠে যে পর্বত সৃষ্টি করে তার উদাহরণ হলো —

ক) সাতপুরা

খ) ভোজ

গ) কিলিমাঞ্জারো

ঘ) হিমালয়

১.৫ ঠিক জোড়াটি নির্বাচন করো —

ক) নদীর উচ্চপ্রবাহ — ভূমির ঢাল কম

খ) নদীর উচ্চপ্রবাহ — নদীর প্রধান কাজ ক্ষয়

গ) নদীর নিম্নপ্রবাহ — ভূমির ঢাল বেশি

ঘ) নদীর নিম্নপ্রবাহ — নদীর প্রধান কাজ বহন

১.৬ আফ্রিকা মহাদেশের মাঝ বরাবর পূর্ব-পশ্চিমে বিস্তৃত কাল্পনিক রেখাটি হলো —

ক) কর্কটক্রান্তি রেখা

খ) মকরক্রান্তি রেখা

গ) মূলমধ্যরেখা

ঘ) বিষুবরেখা

১.৭ ‘পৃথিবীর ছাদ’ যে মালভূমিকে বলা হয় সেটি হলো—

ক) ছোটোনাগপুর মালভূমি

খ) মালব মালভূমি

গ) পামীর মালভূমি

ঘ) লাদাখ মালভূমি

১.৮ নদীর উচ্চ প্রবাহে ‘I’ আকৃতির উপত্যকা সৃষ্টির অন্যতম প্রধান কারণ হলো—

ক) ভূমির ঢাল কম থাকা

খ) উপনদীর সংখ্যা বেশি থাকা

গ) নদীর নিম্নক্ষয়ের ক্ষমতা বেশি হওয়া

ঘ) নদীর পার্শ্বক্ষয়ের ক্ষমতা বেশি হওয়া

১.৯ যে রূপান্তরিত শিলা বিভিন্ন সৌধ নির্মাণে কাজে লাগে তা হলো—

ক) চুনাপাথর

খ) কাদাপাথর

গ) ব্যাসল্ট

ঘ) মার্বেল

**২. শূন্যস্থান পূরণ করো :** **১ × ৩ = ৩**

২.১ নিরক্ষরেখা থেকে মেরুর দিকে অক্ষরেখার পরিধি ক্রমশ____________থাকে।

২.২ বায়ুতে জলীয় বাষ্পের পরিমাণ কমে গেলে বায়ুর চাপ____________পায়।

২.৩ এশিয়া মহাদেশের একটি উত্তরবাহিনী নদী হলো ____________।

**৩. বাক্যটি সত্য হলে ‘ঠিক’ এবং অসত্য হলে ‘ভুল’ লেখো:** **১ × ৩ = ৩**

৩.১ ব্যবচ্ছিন্ন মালভূমির একটি উদাহরণ হলো ছোটনাগপুর মালভূমি।

৩.২ শীতল ও শুষ্ক জলবায়ুতে মাটি সৃষ্টি হতে বেশি সময় লাগে।

৩.৩ জুলাই মাসে উত্তর আফ্রিকায় যখন গ্রীষ্মকাল, দক্ষিণ আফ্রিকায় তখন শীতকাল।

**৪. স্তম্ভ মেলাও:** **১ × ৩ = ৩**

| ‘ক’ স্তম্ভ | ‘খ’ স্তম্ভ |
|---|---|
| ৪.১ ফুজিয়ামা | i) আগ্নেয় শিলা |
| ৪.২ গ্রানাইট | ii) নদীর মধ্যপ্রবাহ |
| ৪.৩ মিয়েন্ডার | iii) আগ্নেয় পর্বত |

**৫. সংক্ষিপ্ত উত্তর দাও :** **২ × ৪ = ৮**

৫.১ কোন তারিখকে কর্কট সংক্রান্তি বলা হয় ও কেন?

৫.২ অক্ষরেখা ও দ্রাঘিমারেখার একটি করে বৈশিষ্ট্য উল্লেখ করো।

৫.৩ সুউচ্চ হিমালয় পর্বত কীভাবে আমাদের দেশের জলবায়ুকে প্রভাবিত করে?

৫.৪ ভূমির ঢাল ও উচ্চতার ভিত্তিতে মালভূমি ও সমভূমির পার্থক্য নিরূপণ করো।

**৬. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :** **৩ × ৩ = ৯**

৬.১ মেরু অঞ্চল ও নিরক্ষীয় অঞ্চলে বায়ুর উষ্ণতার তারতম্য কীভাবে দুই অঞ্চলের বায়ুচাপকে নিয়ন্ত্রণ করে তা ব্যাখ্যা করো।

৬.২ মাটির দানার আকারের উপর ভিত্তি করে মাটির শ্রেণিবিভাগ করো। প্রতিটি শ্রেণির একটি করে বৈশিষ্ট্য লেখো।

৬.৩ নীলনদের উপর কী উদ্দেশ্যে আসোয়ান বাঁধ নির্মাণ করা হয়েছিল?

**৭. নীচের প্রশ্নগুলির উত্তর দাও :** **৫ × ৩ = ১৫**

৭.১ এশিয়া মহাদেশের নিরক্ষীয় ও উষ্ণ মরু জলবায়ু স্বাভাবিক উদ্ভিদের চরিত্রকে কীভাবে প্রভাবিত করে তা আলোচনা করো।

৭.২ আফ্রিকা মহাদেশের নিরক্ষীয় অঞ্চল ও ভূমধ্যসাগর সন্নিহিত অঞ্চলের স্বাভাবিক উদ্ভিদ কীভাবে জলবায়ু দ্বারা নিয়ন্ত্রিত তা ব্যাখ্যা করো।

৭.৩ ‘মানুষের নানাবিধ ক্রিয়াকলাপ নদীর উপর নেতিবাচক প্রভাব ফেলে’— বক্তব্যটির যথার্থতা বিচার করো।

## স্বাস্থ্য ও শারীরশিক্ষা

### সপ্তম শ্রেণি

### পূর্ণমান - ৫০

---

**(ক) সঠিক উত্তরটিকে বেছে নিয়ে (√) চিহ্ন দাও ঃ** **১ × ১০ = ১০**

(১) ইস্টবেঙ্গল ক্লাব কত সালে প্রতিষ্ঠিত হয়?

(i) ১৯২১ (ii) ১৯১১ (iii) ১৯২০

(২) অ্যাথলেটিক্স শব্দটি কোথা থেকে এসেছে?

(i) ইথানল (ii) এথেন্স (iii) অ্যাথলন

(৩) মোহনবাগান ক্লাব কত সালে সাহেবদের হারিয়ে শিল্ড চ্যাম্পিয়ন হয়েছিল?

(i) ১৮১১ (ii) ১৯১১ (iii) ১৯১৬

(৪) মেদাধিক্যের কারণ কী?

(i) শরীরচর্চার অনভ্যাস (ii) হরমোনের সমস্যা

(iii) ফাস্টফুড খাওয়া (iv) সব কয়টি

(৫) সাধারণত পূর্ণবয়স্ক পুরুষদের দেহের ওজনের কত শতাংশ মেদ থাকে?

(i) ১০% (ii) ১৫%

(iii) ২% (iv) ২৫%

(৬) মেদবৃদ্ধি রুখতে কী করতে হবে?

(i) শরীরচর্চা (ii) পরিমিত খাওয়া

(iii) সঠিক জীবনশৈলী (iv) সব কয়টি

(৭) খাদ্য থেকে প্রাপ্ত দেহের চাহিদার অতিরিক্ত ক্যালোরি দেহের কি বৃদ্ধি ঘটাতে পারে?

(i) হৃৎপিণ্ডের কার্যক্ষমতা বাড়ায় (ii) মেদাধিক্য ঘটায়

(iii) স্নায়ুর কার্যকারিতা বৃদ্ধি করে (iv) হাড়ের গঠন সুদৃঢ় করে

(৮) একজন স্বাভাবিক ওজনের শিক্ষার্থীর দেহভর সূচকটি কত?

(i) ১৮ কিলোগ্রাম/মিটার$^{২}$ (ii) ১৮.৫ — ২৪.৫ কিলোগ্রাম/মিটার$^{২}$

(iii) ৩০ এর বেশি কিলোগ্রাম/মিটার$^{২}$

(৯) যদি কোনো শিক্ষার্থীর দেহের ওজন তার স্বাভাবিক ওজন যা হওয়া উচিত তার কম হয় তাহলে কী সমস্যা দেখা দেওয়ার সম্ভাবনা থাকে?

(i) মধুমেহ (ii) রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পায়

(iii) মেদাধিক্য

(১০) কোন্‌টি দেহভর সূচকের সূত্র?

(i) $\frac{\text{ওজন (কিলোগ্রাম)}}{\text{উচ্চতা (মিটার)}^{২}}$ (ii) $\frac{\text{ওজন (কিলোগ্রাম)}}{\text{উচ্চতা (ফুট)}^{২}}$

(iii) $\frac{\text{ওজন (পাউন্ড)}}{\text{উচ্চতা (ফুট)}^{২}}$

**(খ) শূন্যস্থান পূরণ করো ঃ** **১ × ৯ = ৯**

(১) খেলা মানুষের ________________ প্রবৃত্তি।

(২) গ্রিক শব্দ ________________ থেকে জিমনাস্টিকস কথাটি এসেছে।

(৩) জৈনধর্ম ________________ মূর্ত প্রতীক হিসাবে বিদ্যমান।

(৪) এন. সি. সি.-র ________ ________ রং নৌসেনা বাহিনীর প্রতীক।

(৫) ____________ দেহ ও মনের মধ্যে সমন্বয়সাধন করে, যা স্বাস্থ্যের একটি গুরুত্বপূর্ণ দিক।

(৬) ব্যায়াম পেশির ____________ প্রতিকারের ক্ষেত্রে একটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে।

(৭) পরিমিত খাদ্যাভ্যাস ও নিয়মিত ব্যায়ামের দ্বারা ____________ দূর করা সম্ভব।

(৮) যখন তখন ____________ পড়ার অভ্যাস ত্যাগ করতে হবে।

(৯) প্রতিদিন যে পরিমাণ ক্যালোরি প্রয়োজন তার থেকে ২০০০ ক্যালোরি কম খাবার গ্রহণ করতে চাইলে অবশ্যই ____________ পরামর্শ নিতে হবে।

**(গ) সঠিক বক্তব্যটির পাশে সত্য এবং ভুল বক্তব্যটির পাশে মিথ্যা লেখো এবং ভুল থাকলে সংশোধন করো।** **১ × ৫ = ৫**

(১) বিদ্যালয়ের মিড-ডে মিলের আহার একটি পুষ্টিবর্ধক কর্মসূচি।

(২) মেদ ঝরাতে ফাস্টফুড বর্জন করতে হবে।


(৩) ব্যায়াম করলে হৃদপিণ্ডের কার্যকারিতা বৃদ্ধি পায়।

(৪) প্রাণায়াম করলে ফুসফুসের কর্মক্ষমতা বৃদ্ধি পায়।


(৫) খেলাধুলো করলে শিশুর শারীরিক ও মানসিক বিকাশ ঘটে।

**(ঘ) নীচের যোগাসনের ভঙ্গিগুলি শনাক্ত করে, ছবির পাশের ফাঁকা ঘরে যোগাসনটির নাম লেখো।** **১ × ২ = ২**


(১)



(২)



(ঙ) **নীচের ছবি দেখে ছবির নীচে ফাঁকা ঘরে ভঙ্গিটি শনাক্ত করে ভঙ্গিটির নাম লেখো এবং ভঙ্গিটি কোন ক্রীড়াক্ষেত্রের সঙ্গে যুক্ত তার নাম লেখো।** ১ × ৬ = ৬


(১) 

(২) 

(৩) 

(৪) 

(৫) 

(৬) 

(চ) **নীচের প্রশ্নগুলির উত্তর দাও।** ৫ × ২ = ১০

(১) স্বাস্থ্যের উপর ব্যায়ামের প্রভাব বর্ণনা করো।

(২) মেদ ঝরাতে কী কী করতে হবে লেখো।

(ছ) **দু-এক কথায় উত্তর দাও ঃ** ২ × ৪ = ৮

(১) খেলা কী?

(২) প্রত্যক্ষ বিনোদন কাকে বলে?

(৩) সৃজনশীল বিনোদনের একটি উদাহরণ দাও।

(৪) শারীরশিক্ষার উদ্দেশ্যগুলি লেখো।